



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

14 November 2025

7:35 AM IST

=====

মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোমিতা অভীযানের মাধ্যমে রাজ্যের মহিলাদের আর্থিকভাবে সবলীকরন করে আসাম দেশের মধ্যে আদর্শ রাজ্য হিসেবে পরিগণিত হয়েছে। মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল বিশ্বনাথ জেলার গহপুর বিধানসভা এলাকার আত্মসহায়ক গোষ্ঠীর ৩৬ হাজার ৮শ ৩৪ জন মহিলার মধ্যে দশ হাজার টাকা করে চেক প্রদান করে একথা বলেন।

মুখ্যমন্ত্রী আরো জানান যে আসাম সরকার গত চার বছরে মহিলাদের বিভিন্ন দিকে এগিয়ে নিয়ে যাওয়া সহ মহিলাদের আর্থিক সবলীকরণের জন্য বিরামহীনভাবে কাজ করে যাচ্ছে। মহিলাদের উন্নয়নে বর্তমান সরকারের গ্রহণ করা বহু প্রকল্প দেশের অন্যান্য রাজ্যগুলিও অনুসরণ করছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা মন্তব্য করেছেন।

আসামে স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে গতকাল রাজ্যের শিক্ষা বিভাগে আট হাজারেরও বেশি প্রার্থীকে নিযুক্তি পত্র প্রদান করা হয়েছে। গতকাল খানাপাড়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা

এবং শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু সহ বেশকয়েকজন মন্ত্রী উপস্থিত ছিলেন । রাজ্যের উচ্চশিক্ষা সঞ্চালকালয়ের আওতায় ২৫২ জন সহকারী অধ্যাপককেও নিযুক্তি পত্র বিতরণ করা হয়েছে । এছাড়া ৬২জন তৃতীয় শ্রেণীর কর্মচারীকে নিযুক্তি পত্র দেওয়া হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে জনজাতীয় গৌরব দিবস পালনের অঙ্গ হিসেবে গতকাল লক্ষীপুর উন্নয়ন খন্ডের অন্তর্গত লক্ষীনগর গ্রাম পঞ্চায়েতে একটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়েছে । শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকরা রোগী দেখে বিনামূল্যে ঔষধ প্রদান সহ টীকাকরন , মা ও শিশু স্বাস্থ্য সেবা নিয়ে পরামর্শ প্রদান করেন ।

এছাড়া জনজাতীয় গৌরব দিবস পালনের অঙ্গ হিসেবে রাজাবাজার, কালাইন ও লক্ষীপুর উন্নয়ন খন্ডের অধিন আদি সেবা কেন্দ্রগুলিতে গন শুনানী কার্যসূচী অনুষ্ঠিত হয় ।

আদিবাসী নেতা ভগবান বিরসা মুন্ডার ১৫০ তম জন্ম জয়ন্তী উপলক্ষে আগামীকাল শ্রীভূমি জেলায় জনজাতীয় গৌরব দিবস পালন করা হবে । শ্রীভূমি জেলার ছাগলমোয়া ট্রাইব্যাল এম ই স্কুলে আগামীকাল সকাল ১০ টা থেকে বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জনজাতীয় গৌরব দিবস পালন করা হবে ।

শিলচর রাধামাধব কলেজ কালচারেল ও কো-কারিকুলার এক্টিভিটিস সেলের উদ্যোগে বন্দেমাতরম সঙ্গীতের দেড়শো বছর পূর্তি উপলক্ষ্যে সম্প্রতি কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে । রচনা

প্রতিযোগিতার বিষয় ছিল-বঙ্গীয় নবজাগরণে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান ও স্বাধীনতা আন্দোলনের প্রতীক হিসেবে বন্দেমাতরমের তাৎপর্য । আজ এক অনুষ্ঠানের মাধ্যমে এই রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়েছে ।

হাইলাকান্দি জেলা শিল্প ও বাণিজ্য কেন্দ্রের উদ্যোগে এবং আসাম ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগম লিমিটেড ও গুয়াহাটীর উত্তর পূর্ব হস্ততাঁত ও হস্তশিল্প উন্নয়ন নিগম লিমিটেডের সহযোগিতায় গতকাল শিল্প ও বাণিজ্য কেন্দ্র প্রাঙ্গনে একদিনের কারিগরী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । উল্লেখ্য- এই কর্মশালার মূল উদ্দেশ্য ছিল স্থানীয় কারিগরদের উন্নত করা , তাদের পরম্পরাগত দক্ষতা আরো শক্তিশালী করা এবং সরকারী প্রকল্প ও বাজারের সুযোগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা । আজকের কর্মশালায় জেলার বিভিন্ন প্রান্ত থেকে প্রায় দেড়শ জন কারিগর-তাঁতি অংশ গ্রহণ করেন ।

শ্রীভূমি জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্যালয়ে পুরোপুরি ঠিকা ভিত্তিতে একজন মাল্টি টাস্কিং ওয়ার্কার নিয়োগের জন্য গত ২০ সেপ্টেম্বর এক বিজ্ঞপ্তী জারী করা হয়েছিল । ওই পদে প্রার্থী বাছাই করতে আগামী ২৭শে নভেম্বর সকাল ১০টায় শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে ওয়াক ইন ইন্টারভিউ অনুষ্ঠিত হবে । যোগ্য প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার মূল প্রমান পত্র ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র নিয়ে সকাল ৯টায় উপস্থিত থাকতে বলা হয়েছে ।

শ্রীভূমি পৌরসভার চেয়ারম্যান এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শ্রীভূমি পৌরসভার একটি নতুন সেসপুল ট্যাক্সার পরিচালনার জন্য একজন অভিজ্ঞ চালকের প্রয়োজন । ইচ্ছুক চালকদের শ্রীভূমি পৌরসভা কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য- চালকদের অন্তত দু বছরের সেসপুল ট্যাক্সার চালানোর অভিজ্ঞতা ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে । বিশদ বিবরণ পৌরসভা কার্যালয়ে পাওয়া যাবে ।

শিলচর চৌধুরী আই হসপিটালের উদ্যোগে এবং ইয়াসির সহযোগিতায় আগামী রবিবার ঘুংঘুর জোগেশ চন্দ্র দাস প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী সোমবার বদরপুরঘাটের কালীরবন্দ এলাকার লক্ষীনারায়ন বিবাহ ভবনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।
